# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৬৩

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১১. পিতার দোয়া ও মজলুমের দোয়া

بَاب دَعْوَةِ الْوَالِدِ وَدَعْوَةِ الْمَظْلُومِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، حَدَّثَتْنَا حَبَابَةُ ابْنَةُ عَجْلاَنَ، عَنْ أُمِّهَا أُمِّ حَفْصٍ، عَنْ صَفِيَّةَ بِنْتِ جَرِيرٍ، عَنْ أُمِّ حَكِيمٍ بِنْتِ وَدَاعٍ الْخُزَاعِيَّةِ، قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " دُعَاءُ الْوَالِدِ يُفْضِي إِلَى الْحِجَابِ " .

বাংলা

২/৩৮৬৩। উম্মু হাকীম বিনতে ওয়াদ্দাআ আল-খুযাইয়্যা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ পিতার দোয়া (আল্লাহর নূরের) পর্দা পর্যন্ত পৌঁছে যায়।

## English

It was narrated that Umm Haim bint Wadda' Al-Khuza'iyyah said:
"I heard the Messenger of Allah (saas) say: 'The supplication of a father reaches the Veil (i.e. the place of repentance).'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। আত-তালীকুর রাগীব ২/২২৭, যইফ আল-জামি' ২৯৭৭। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. হুবাবাহ বিনতু আজলান সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। ইমাম যাহাবী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৮০৯, ৩৫/১৪৭ নং পৃষ্ঠা) ২. উম্মু হাফস সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৯৬৮, ৩৫/৩৪৭ নং পৃষ্ঠা) ৩. সাফিয়্যাহ বিনতু জারীর সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৮৭১, ৩৫/২০৯ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44828

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন